

সৌদিয়া এয়ারলাইন্সের টিকিটে বড় ছাড়

- A Monitor Desk Report

Date: 26 August, 2025



ঢাকা : আন্তর্জাতিক ভ্রমণকারীদের জন্য দারুণ সুখবর এনেছে সৌদিয়া এয়ারলাইন্স।

যাত্রীদের ভ্রমণ আরও সহজলভ্য ও সাশ্রয়ী করতে তারা ঘোষণা করেছে বিশেষ ছাড়ের অফার। এ অফারে ইকোনমি ও বিজনেস ক্লাস উভয় টিকিটেই সর্বোচ্চ ৫০ শতাংশ পর্যন্ত ছাড় দিচ্ছে এ এয়ারলাইন্স।

সৌদি এয়ারলাইন্স জানিয়েছে, এই ছাড়ে টিকিট বুকিং করা যাবে ২০২৫ সালের ৩১ আগস্ট পর্যন্ত। তবে ভ্রমণ করতে হবে এ বছরের ১ সেপ্টেম্বর থেকে ১০ ডিসেম্বর তারিখের মধ্যে।

সৌদিয়া এয়ারলাইন্স নিয়মিতভাবে ঢাকা থেকে সৌদি আরবের বিভিন্ন রুটসহ মধ্যপ্রাচ্য, ইউরোপ, এশিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন গন্তব্যে ফ্লাইট পরিচালনা করে। ফলে ব্যবসায়িক ভ্রমণ থেকে শুরু করে পারিবারিক ট্যুর বা অবকাশ যাপন সব ক্ষেত্রেই যাত্রীরা এই ছাড়ের সুবিধা নিতে পারবেন। বর্তমানে ঢাকা থেকে সৌদি আরবের দাম্মাম, জেদ্দা, রিয়াদ ও মদিনায় নিয়মিত ফ্লাইট পরিচালনা করছে।

পাশাপাশি দেশীয় প্রতিষ্ঠানের মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, ইউএস বাংলা এয়ারলাইন্সও ফ্লাইট চালাচ্ছে।

-B